# সামান্য বাহানায় ওয়াকআউট গণতন্ত্র ক্ষতিগ্রস্ত করবে: স্বরাষ্ট্রমন্ত্রী




স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বৃহস্পতিবার (২৭ আগস্ট) বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের ওয়াকআউট ঘোষণার পর সংসদে দেওয়া বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংসদকে কার্যকর ও প্রাণবন্ত রাখতে সরকার ও বিরোধীদলকে সব বিষয়ে সংসদেই আলোচনা ও বিতর্ক করতে হবে। সামান্য কারণেই বারবার ওয়াকআউট করলে গণতন্ত্র ক্ষতিগ্রস্ত হবে। সংসদ কার্যকর করতে ব্যর্থ হলে গণতন্ত্রও বারবার বাধার মুখে পড়বে এবং এর দায় ইতিহাসে বিরোধীদলের ওপর বর্তাবে।

তিনি বলেন, সরকার ও বিরোধীদল একসঙ্গে আলোচনা ও বিতর্কের মাধ্যমে বিভিন্ন ইস্যুর সমাধান করবে এবং আইন প্রণয়ন করবে। জুলাইয়ের অভ্যুত্থান ও শহীদদের প্রত্যাশাও ছিল এমন একটি কার্যকর গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, সংসদে সরকারি ও বিরোধীদল পরস্পরের সঙ্গে তর্ক-বিতর্ক করবে, আবার সেখানেই সমাধানের পথ বের করবে। জনগণের সামনে এমন একটি কার্যকর সংসদ তুলে ধরতে হবে।

পরে সংসদ থেকে বের হওয়ার সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, সংসদে বিল উত্থাপনের ক্ষেত্রে কোনো নিয়মের ব্যত্যয় হয়নি। বিল উপস্থাপনের পর সেগুলো নিয়ে আলোচনা ও বিতর্কের সুযোগ রয়েছে এবং আলোচনার মাধ্যমেই বিল পাস হবে।

তিনি আরও বলেন, সংবিধান সংশোধন কমিটিতে অংশ না নিয়ে বিএনপি নয়, বিরোধীদলই জনগণের সঙ্গে প্রতারণা ও বঞ্চনা করেছে।